**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/27/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 5 থেকে 11 বছর বয়সীদের SUNY বা CUNY-র পূর্ণ বৃত্তি জেতার জন্য নতুন টিকা প্রণোদনা প্রোগ্রাম 'ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট' এর বিজয়ীদের প্রথম রাউন্ড ঘোষণা করলেন

***19 ডিসেম্বরের মধ্যে টিকার প্রথম ডোজ গ্রহণকারী 5 থেকে 11 বছর বয়সীদের পিতামাতা ও অভিভাবকেরা লটারির জন্য এখানে নাম লেখাতে পারবে***

***বৃত্তিতে থাকবে টিউশন, থাকা খাওয়ার ব্যবস্থা***

***পাঁচ সপ্তাহ ধরে প্রতি সপ্তাহে 10 জন বিজয়ী হবে এবং প্রথম বিজয়ীদের নাম ঘোষিত হয়েছে 24 নভেম্বর; লটারির সময়সূচি উপলভ্য এখানে***

***ভিডিও পাওয়া যাবে এখানে***

আজকে, গভর্নর হোকল নিউ ইয়র্কের 'ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট (Vaccinate, Educate, Graduate)' টিকা প্রণোদনা প্রোগ্রামের 10 জন বিজয়ীর নাম ঘোষণা করলেন। এছাড়াও গভর্নর ব্যক্তিগতভাবে একাধিক পিতামাতাকে ফোন করে অভিনন্দন জানিয়েছেন কারণ তাদের সন্তান নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York System, SUNY) বা নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটিতে (City University of New York, CUNY) পড়ার জন্য বৃত্তি পাবে।

"'ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট' প্রোগ্রামটি কম বয়সী নিউ ইয়র্কবাসীর জন্য বিনামূল্যে একটি SUNY বা CUNY কলেজ বা ইউনিভার্সিটির টিউশন জেতার একটি জীবন-পরিবর্তনকারী সুযোগ প্রদান করে," **গভর্নর হোকল বলেন।** "আমরা যখন ছুটির মৌসুমে প্রবেশ করতে যাচ্ছি এবং যখন সংক্রমণের ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে, আমাদের জন্য সতর্ক থাকা আবশ্যকভাবে জরুরি। টিকা হল আপনাকে এবং  আপনার প্রিয়জনদের নিরাপদ রাখার সবথেকে নিশ্চিত উপায়, এটি বিনামূল্যে ও সহজে পাওয়া যায় এবং সবথেকে গুরুত্বপূর্ণ ব্যাপার হল এটি পাঁচ থেকে 11 বছর বয়সীদের জন্য নিরাপদ।"

19 ডিসেম্বরের মধ্যে টিকার প্রথম ডোজ গ্রহণকারী 5 থেকে 11 বছর বয়সীদের পিতামাতা ও অভিভাবকেরা তাদের সন্তানদের জন্য যেকোনো SUNY বা CUNY কলেজ বা ইউনিভার্সিটির জন্য দুই বা চার বছরের বৃত্তি জেতার সুযোগ পেতে  'ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট' প্রণোদনা প্রোগ্রামে নাম লেখাতে পারবে। বৃত্তিতে থাকবে টিউশন, থাকা ওয়ার ব্যবস্থা।

স্টেটের প্রণোদনা প্রোগ্রামের বিজয়ীরা যেকোনো SUNY বা CUNY অ্যাসোসিয়েট বা ব্যাচেলর ডিগ্রি প্রোগ্রামের জন্য দুই বা চার বছরের পূর্ণকালীন পড়াশোনার খরচ পাবে, যার মধ্যে থাকবে:

- টিউশন; একটি নিউ ইয়র্ক স্টেট বা সিটি ইউনিভার্সিটিতে স্টেটের টিউশনের সম্পূর্ণ খরচ।
- **টিউশন বাদে অন্যান্য খরচ:** SUNY কলেজগুলিতে গড় খরচ পর্যন্ত বই, সরঞ্জাম এবং পরিবহনের জন্য ভাতা এবং ঘর ও বোর্ডিং এর খরচ।
- **আবাস:** ক্যাম্পাসে বসবাসকারী শিক্ষার্থীরা যাতায়াত করা ছাত্রদের তুলনায় বেশি ঘর এবং বোর্ড ভাতা পাবেন। ক্যাম্পাসে শিক্ষার্থীদের জন্য আবাসন উপলব্ধ না হলে, তারা ক্যাম্পাসে বসবাসকারী শিক্ষার্থীদের মতো সমান ভাতা পাবেন।

নিচে বিজয়ীদের তালিকা দেওয়া হল। শিক্ষার্থীদের গোপনীয়তা রক্ষা করতে অন্যান্য সনাক্তকারী তথ্য উপলভ্য করা হয়নি।

- **সিসিলিয়া এস.** - ব্রুম কাউন্টি
- **আইভান ওয়াই.** - নিউ ইয়র্ক সিটি
- **আন্দ্রেয়াস বি.** - নাসাউ কাউন্টি
- **জুলিয়েট ডি.** - ওয়েস্টচেস্টার কাউন্টি
- **ক্রিস এনজেন বি.** - নিউ ইয়র্ক সিটি
- **জোসিলিন আর.** - মনরো কাউন্টি
- **ওয়েন এস.** - কুইন্স কাউন্টি
- **লিলি আর.** - অ্যালবানি কাউন্টি
- **এলিজাবেথ ই.** - ইরি কাউন্টি
- **ট্রিস্টান সি.** - কুইন্স কাউন্টি

**CUNY চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটোস রড্রিগেজ বলেন,** "অভিনন্দন 'ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট' প্রোগ্রামের প্রথম বিজয়ী কম বয়সী নিউ ইয়র্কবাসীদেরকে যারা এখন কোভিড-19 থেকে সুরক্ষিত এবং তার পাশাপাশি তাদের জন্য একটি অমূল্য বৃত্তিও অপেক্ষা করছে। নিউ ইয়র্ক জুড়ে যেসকল পিতামাতা ও অভিভাবকেরা ইতিমধ্যে তাদের সন্তানদের টিকা প্রদান করেছেন আমরা তাদের প্রশংসা করছি এবং মহামারীকে বশীভূত করতে আমাদের চলমান প্রচেষ্টার এই গুরুত্বপূর্ণ ধাপটি গ্রহণ করার জন্য অন্যদের তাগিদ দিচ্ছি। আমাদের সন্তানদের টিকা প্রদানের মহান তাৎপর্যের ব্যাপারে অবগত করার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ দিচ্ছি।"

**SUNY চ্যান্সেলর জিম মালাট্রাস বলেন,** "টিকা হল এই মহামারী শেষ করার চাবিকাঠি তাই আমি আরো বেশি নিউ ইয়র্কবাসীকে টিকা প্রদান করতে প্রণোদনা সৃষ্টির জন্য গভর্নর হোকলের নেতৃত্বের প্রশংসা করছি। 'ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট ভ্যাক্সিন বৃত্তি প্রণোদনা প্রোগ্রামটি (Vaccine Scholarship Incentive Program) আমাদের দারুণ SUNY স্কুলগুলির একটিতে বিনামূল্যে টিউশন, থাকা খাওয়ার ব্যবস্থা পাওয়ার দুর্দান্ত সুযোগ প্রদানের মাধ্যমে ঠিক তাই

করছে।আমি সকল প্রথম রাউন্ড বিজয়ীদের অভিনন্দন জানাচ্ছি এবং ভাইরাসের বিরুদ্ধে নিউ ইয়র্কের লড়াই চালিয়ে যাওয়ার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

**নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশনের (New York State Higher Education Services Corporation) প্রেসিডেন্ট ডাঃ গুইলারমো কেন্দ্রিক লিনারেস বলেন,** "ভ্যাক্সিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট ভ্যাক্সিন বৃত্তি প্রণোদনা প্রোগ্রামটির প্রথম দশজন বিজয়ীকে পঞ্চাশটি বৃত্তির একটি জেতার জন্য অভিনন্দন!সকল স্কুলগামী শিশুদের সম্পূর্ণভাবে টিকা গ্রহণের সুযোগ নিশ্চিত করা করোনাভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ে জয়লাভের দিকে একটি প্রধান ধাপ।গুরুত্বপূর্ণ এই প্রোগ্রামটি বিস্তার প্রতিরোধে সাহায্য করছে, এবং একই সাথে 5-11 বছরের শিশুদের নিউ ইয়র্কের বিশ্বমানের প্রতিষ্ঠানগুলির একটিতে সম্পূর্ণ বৃত্তি জেতার একটি সুযোগের যোগ্য করছে।"

পিতামাতা ও অভিভাবকেরা তাদের যোগ্য সন্তানের পক্ষে নাম লেখাতে পারবেন এখানে এবং ইন্টারনেট সংযোগহীন সবাই ফোনের মাধ্যমে নাম লেখানোর জন্য 1-833-697-4829 নম্বরে ফোন করতে পারে। নিউ ইয়র্ক স্টেট প্রতি সপ্তাহে লটারি করবে, এবং বিজয়ীদের যাচাই করবে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (New York State Department of Health) এবং নিউ ইয়র্ক স্টেট হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন।

প্রতি শিশুর জন্য শুধুমাত্র একটি এন্ট্রি গ্রহণ করা হবে এবং শিশুদের এন্ট্রির অন্তত একদিন আগে তাদের প্রথম কোভিড-19 টিকা নিতে হবে। সমস্ত 'ভ্যাকসিনেট, এডুকেট, গ্র্যাজুয়েট' প্রোগ্রামের ড্রয়িংগুলির মাধ্যমে এন্ট্রি করা হবে। অতিরিক্ত তথ্য পাওয়া যাবে সরকারি নিয়মাবলী-তে।

এছাড়াও, বাবা-মা এবং অভিভাবকদের রাজ্যের নতুন ওয়েবসাইট ny.gov/vaxforkids,, প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন, , এবং নতুন সংস্থান এ যাওয়ার জন্য উৎসাহ দেওয়া হচ্ছে শিশুদের জন্য কোভিড-19 টিকা সম্পর্কিত তথ্যের উদ্দেশ্যে। রাজ্য সম্প্রতি পেডিয়াট্রিক প্রদানকারীদের এবং অকুস্থলে থাকা শিশুদের টিকা প্রদানকারী এলাকাগুলিকে সহায়তা করার জন্য তৈরি-করা-সামগ্রী যোগ করেছে নতুন পোস্টার এবং স্টিকার সহ, যা এখানে উপলভ্য।

নিউ ইয়র্কবাসীরা যারা 5-11 বছর বয়সী শিশুদের জন্য টিকার অ্যাপয়েন্টমেন্ট নির্ধারন করতে চান তারা তাদের শিশুর শিশুরোগ বিশেষজ্ঞ, পারিবারিক চিকিৎসক, কাউন্টি স্বাস্থ্য বিভাগ, ফেডারেলগতভাবে যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্র (Federally Qualified Health Centers, FQHC), গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র বা ফার্মেসি, যেগুলি এই বয়সী গ্রুপের জন্য টিকাকরণ পরিচালনা করছে, তাদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। বাবা-মা এবং অভিভাবকরা [vaccines.gov] -তে যেতে পারেন, তাদের জিপ কোড 438829 নম্বরে টেক্সট করতে পারেন, অথবা কাছাকাছি অবস্থানগুলি খুঁজে পেতে 1-800-232-0233 নম্বরে কল করতে পারেন। নিশ্চিত করুন যে প্রদানকারী ফাইজার-বায়োএনটেক কোভিড-19 টিকা প্রদান করে, যেহেতু এই বয়সের গোষ্ঠীর জন্য অন্য কোভিড-19 টিকা এখনো অনুমোদিত নয়। এই সময়ে, নিউ ইয়র্ক স্টেটের গণ টিকা দেওয়ার সাইটগুলি বর্তমানে 12 বছর বা তার বেশি বয়সের মানুষদের জন্য ব্যবহার করা হচ্ছে, এবং আমাদের #VaxToSchool পপ-আপগুলি 12- থেকে

17 বছর বয়সীদের উপর নজর কেন্দ্রীভূত করে আছে। যে অতিরিক্ত প্রোগ্রামিং এবং ইভেন্টগুলি 5 - 11 বছর বয়সীদের উপর নজর কেন্দ্রীভূত করে, সেগুলির কথা শীঘ্রই ঘোষণা করা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418